



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কন্সারভেশন কে নিউ ইয়র্কের চারটি অঞ্চলের জন্য খরা পর্যবেক্ষণ চালু করার নির্দেশ দিয়েছেন

নিউ ইয়র্ক রাজ্যের খরা পরিস্থিতির মানচিত্র এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেট নিউ ইয়র্কের চারটি অঞ্চলের জন্য একটি খরা পর্যবেক্ষণ চালু করেছে, যার মধ্যে রয়েছে লং আইল্যান্ড, আপার হাডসন/মোহক এলাকা, অ্যাডিরনডাকস, এবং গ্রেট লেক/সেন্ট লরেন্স এলাকা। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) কমিশনার বাসিল সেগস স্টেট খরা ব্যবস্থাপনা টাস্ক ফোর্সের বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করে এই পর্যবেক্ষণটি জারি করেছেন।

"সাম্প্রতিক প্রচণ্ড গরমে স্টেটের বেশ কিছু অংশে একটি খরার সৃষ্টি করেছে এবং পর্যাপ্ত বৃষ্টি ছাড়া পরিস্থিতি আরো খারাপ হতে পারে," **গভর্নর কুওমো বলেন।** "আমি স্থানীয় পানি নিষেধাজ্ঞার অধীনে সকল নিউ ইয়র্কবাসীকে অংশগ্রহণ করতে উৎসাহিত করছি এবং যখনই সম্ভব পানি সংরক্ষণের পদক্ষেপ গ্রহণ করতে উৎসাহিত করছি, যতক্ষণ না নির্দেশনা প্রত্যাহার করা হয় যাতে আরো গুরুতর ঘটতি প্রতিরোধ করা যায়।"

একটি "পর্যবেক্ষণ" স্টেটের খরা সংক্রান্ত নির্দেশনার চারটি স্তরের প্রথম ("পর্যবেক্ষণ", "সতর্কতা", "সঙ্কট", এবং "বিপর্যয়")। খরা পর্যবেক্ষণ বা সতর্কতার অধীনে স্টেটব্যাপী কোন বাধ্যতামূলক পানি ব্যবহারের বিধিনিষেধ নেই, কিন্তু নাগরিকদের স্বেচ্ছায় পানি সংরক্ষণে উৎসাহিত করা হয়। স্থানীয় পাবলিক ওয়াটার সরবরাহকারীরা স্থানীয় চাহিদা এবং পরিস্থিতির উপর নির্ভর করে পানি ব্যবহারের বিধিনিষেধ আরোপ করতে পারে।

DEC কমিশনার বাসিল সেগোস বলেন, "যদিও পর্যবেক্ষণটি প্রথম পর্যায়ে রয়েছে, এটি নিউ ইয়র্ক স্টেট এজেন্সি এবং জরুরি সাড়াদান সংস্থাগুলিকে একটি আসন্ন খরার আগাম নোটিশ প্রদান করে। আমরা সবাই এখন কিছু সহজ পদক্ষেপ গ্রহণ করে পানি সংরক্ষণ করতে পারি। আপনার দৈনন্দিন রুটিনে সামান্য পরিবর্তন খরার মাত্রা বৃদ্ধি প্রতিরোধে সাহায্য করতে পারে।"

বাড়ির মালিকদের জন্য বাইরে পানির ব্যবহার কমানোর জন্য সংরক্ষণ টিপসের মধ্যে রয়েছে:

- পানি চোয়ানো এবং লিক করা নল এবং টয়লেট ঠিক করুন। প্রতি মিনিটে 30 ফোঁটা করে লিক করা একটি নল মাসে 54 গ্যালন অপচয় করে;
- লন মোয়ারের কাটার উচ্চতা বাড়ান। লম্বা ঘাসের কম পানির প্রয়োজন হয়;
- যদি কমিউনিটিতে বাগানে পানি দেওয়ার অনুমতি থাকে তাহলে প্রতিদিনের পরিবর্তে এক দিন পর পর লন এবং বাগানে পানি দিন। কম ঘন ঘন পানি দিলে গভীর শিকড় সহ ঘাস বেড়ে উঠবে, এবং সকাল সকাল পানি দিলে বাষ্পীভবন কমে যায়;
- স্বয়ংক্রিয় লন ওয়াটারিং সিস্টেম ব্যবহার করার সময়, ভেজা আবহাওয়ায় সিস্টেম ওভাররাইড করুন অথবা কখন এবং কত পানি ব্যবহার করতে হবে তা নিয়ন্ত্রণ করতে একটি রেইন গেজ ব্যবহার করুন। পানি দেওয়ার নির্দিষ্ট সময়সূচী পানির অপচয় করে। পানি বাঁচাতে এবং লনের স্বাস্থ্যের উন্নতির জন্য কেবল প্রয়োজনে সেচ দিন;
- পানি দিয়ে পরিষ্কারের বদলে ফুটপাথ এবং সিঁড়ি ঝাড়ুন। সাপ্তাহিক পাঁচ মিনিটের ফুটপাথ হোস-ডাউন নির্মূল করলে প্রবাহের হারের উপর ভিত্তি করে বছরে 625 থেকে 2,500 গ্যালন পানি সংরক্ষণ করা যেতে পারে।

আরও পানি সঞ্চয়ের টিপসের জন্য, DEC এর ওয়েবপেজ <http://www.dec.ny.gov/lands/5009.html> ভিজিট করুন।

খরা পর্যবেক্ষণ এবং সতর্কতা স্টেটের খরা সূচক দ্বারা চালু হয়, যা বৃষ্টিপাতের মাত্রা, জলাধার/হ্রদের মাত্রা, এবং নিউ ইয়র্ক স্টেটের নয়টি খরা অঞ্চলে ঋণার প্রবাহ এবং ভূগর্ভস্থ পানির স্তর প্রতিফলিত করে। এই প্রতিটি সূচককে একটি অঞ্চলের বিভিন্ন ব্যবহারের গুরুত্বের উপর ভিত্তি করে একটি ওয়েটেড মান বরাদ্দ করা হয়। আরও বিস্তারিত খরা তথ্যের জন্য, অনুগ্রহ করে DEC এর ওয়েবপেজে <http://www.dec.ny.gov/lands/5011.html> যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)